

‘ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

www.fpo.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৬৫

তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : দায়িত্ব-কর্তব্যে অবহেলার বিষয়ে সতর্কীকরণ প্রসঙ্গে ।

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০১/০২/২০২৩ খ্রিষ্টাব্দে তারিখ সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয় আপনার কর্মএলাকা পরিদর্শন করেন। পরিদর্শন কালে আপনার প্রদত্ত অভীম ভ্রমণ সূচী অনুযায়ী দম্পতিদের উপাত্ত যাচাই এবং আপনার পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার যাচাই করা হয়।

সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয় কর্তৃক আপনার কর্মএলাকার পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার যাচাই কালে দেখা যায় যে, আপনি দম্পতি ছক সঠিকভাবে পূরণ করেন না। তাছাড়া গর্ভবতী ও নবজাতকের তালিকা, মৃত্যু তালিকা, দৈনিক কার্যাবলীর হিসাব, ইনজেকটেবল গ্রহনকারীর তালিকা, কিশোর কিশোরীর স্বাস্থ্য সেবাদান ছক সঠিকভাবে পূরণ করেন না। আপনার পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার হতে ০২ এবং ০৫ নম্বর দম্পতি পরিদর্শন করা হয়। কিন্তু দম্পতিদের উপাত্ত যাচাই (পদ্ধতি গ্রহনকারী / ব্যবহারকারী) সঠিক পাওয়া যায়নি।

আপনি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা ও শৈধিল্য প্রদর্শন পূর্বক মিথ্যা ও ক্ষতিপূর্ণ তথ্য সংরক্ষণ করে এলাকার জনগন ও জনপ্রতিনিধিদের নিকট পরিবার পরিকল্পনা বিভাগকে হেয় প্রতিপন্থ এবং আপনার প্রয়োজনীয়তা প্রমাণ করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আপনি ভুল তথ্য দিয়ে রেজিস্টার ও রিপোর্ট সংরক্ষণ করেন। বর্ণিত বিষয়াবলী সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয় তার পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করেছেন।

এতদবিষয়ে অত্র কার্যালয় থেকে স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৫৩, তারিখ : ০৮/০২/২০২৩ খ্রিষ্টাব্দ মোতাবেক আপনাকে কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়। যার জবাব আপনি ১৪/০২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেন।

আপনার কারণ দর্শনো নোটিশ এবং দাখিলকৃত জবাবের প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত প্রদান করা হল:

- ১। আপনার জবাব আনন্দে সন্তোষজনক নয়। আপনার দাখিলকৃত জবাবে আপনি বর্ণিত কর্মকাণ্ড অনিচ্ছাকৃত ক্রটি এবং এ ধরনের কর্মকাণ্ডের পুনঃগ্রহণ করবেন না মর্মে অঙ্গীকার করেছেন। তাছাড়া আপনি কর্মসূলে নিয়মিত থেকে দায়িত্ব পালন করবেন মর্মে অঙ্গীকার করেছেন।
- ২। এক্ষনে আপনার দাখিলকৃত জবাব, প্রদত্ত অঙ্গীকার এবং আপনার স্বামীর অসুস্থতা ও বয়স ইত্যাদি সার্বিক বিবেচনায় আপনাকে কারণ দর্শনো নোটিশ হতে এবারের মত অব্যহতি প্রদান করা হল। ভবিষ্যতে একই বিষয়ের পুনঃগ্রহণ অথবা বিভাগীয় দায়িত্ব কর্তব্য পালনে শৈধিল্য প্রদর্শিত হলে বিধি মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বেগম রূমা নাসরীন

পরিবার কল্যাণ সহকারী

১/খ ইউনিট, মির্জাগঞ্জ ইউনিয়ন

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৬৫/১(৮)

তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

৭৪.

(মোঃ শফিকুল ইসলাম)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও

মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অং দাঃ)

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

অনুলিপি সদয় অবগতি / অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৩। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৬। চেয়ারম্যান, মির্জাগঞ্জ ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৭। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা / সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৮। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মির্জাগঞ্জ ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(মোঃ শফিকুল ইসলাম)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও

মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অং দাঃ)

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

ফোন : ০৪৪২৬-৭৫২৪২

E-mail : ufpomirzaganj@dgfp.gov.bd